দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 JUL 1989
পৃষ্ঠা 7 কলাম 5

15

# শিক্ষাপ্রতিমন্ত্রীর সঙ্গে সংখ্যালঘু বোর্ডের প্রতিনিধি দলের সাক্ষাৎ

শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীর সাথে বাংলাদেশ সংখ্যালঘু বোর্ডের একটি প্রতিনিধি দল গতকাল শুক্রবার অপরাহ্নে প্রতিমন্ত্রীর বাসভবনে সাক্ষাৎ করেন। তারা বাংলাদেশে বসবাসকারী সংখ্যালঘু সম্প্রদায়ের বিভিন্ন সমস্যা নিয়ে বিস্তারিত আলাপ করেন।

বাংলাদেশ সংখ্যালঘু বোর্ডের কেন্দ্রীয় কমিটির সভাপতি লায়ন এম আর বড়ুয়ার নেতৃত্বে এই প্রতিনিধি দলের সাথে আলাপকালে প্রতিমন্ত্রী বলেন, রাষ্ট্রপতি নির্দেশে এ দেশের সংখ্যালঘুদের বিভিন্ন সমস্যা চিহ্নিত করে বর্তমান সরকার সরকার ইতিমধ্যে বাস্তবমুখী ব্যবস্থা গ্রহণ করেছে। তিনি আরও জানান যে, বর্তমান সরকার এদেশে বসবাসরত সকল সংখ্যালঘুদের ধর্মীয় স্বাধীনতাও নিশ্চিত করেছে, খবরতথ্যবিবরণী'র।

এ বৈঠকে বাংলাদেশ সংখ্যালঘু বোর্ডের প্রতিনিধি দলের সাথে আলাপকালে প্রতিমন্ত্রী ভবিষ্যতে সংখ্যালঘুদের সকল ন্যায়সঙ্গত সমস্যা সমাধানের জন্য কাজ করারও আশ্বাস দেন।

এ সময়ে বাংলাদেশ সংখ্যালঘু বোর্ডের চট্ট শাখার সভাপতি অধ্যাপক সত্য কুমার পাল, সহ-সভাপতি আশিষ কুমার চক্রবর্তী, সম্পাদক দুলাল কান্তি দত্ত ও সুধীর রঞ্জন বড়ুয়া উপস্থিত ছিলেন।